


মুগ্ধাত্মক

চবির ডি ইউনিটের ভর্তি পরীক্ষার ফল স্থগিত

ফের পরীক্ষা ৬ নভেম্বর

প্রকাশ : ৩১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্ষরণ



চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সোমবার অনুষ্ঠিত ২০১৯-২০ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষার সমাজ বিজ্ঞান অনুষদের অধীনে 'ডি' ইউনিটের ফল স্থগিত করা হয়েছে। পরীক্ষায় ন্যাশনাল কারিকুলামের ইংরেজি মাধ্যমে শিক্ষার্থীদের প্রশ্ন ছাপানোয় কারিগরি ত্রুটির কারণে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। শিক্ষা অনুষদের ডিন ও ডি ইউনিট ভর্তি পরীক্ষা কমিটির প্রধান সমন্বয়ক অধ্যাপক ড. আবদুল্লাহ আল ফারুক বলেন, এই মাধ্যমের প্রায় ৩০০ শিক্ষার্থীর পরীক্ষা পুনরায় ৬ নভেম্বর নেয়া হবে।

তিনি জানান, ন্যাশনাল কারিকুলাম ইংরেজি মাধ্যমের শিক্ষার্থীদের জন্য সরবরাহ করা প্রশ্নের বাংলা অংশ না ছাপানোয় কিছু শিক্ষার্থী অভিযোগ করে। তাই পরে কেউ যাতে ফলাফলে প্রশ্ন তুলতে না পারে, সেজন্য তাদের (ন্যাশনাল কারিকুলাম-ইংরেজি মাধ্যম) পরীক্ষা আবার নিয়ে ফলাফল প্রস্তুত করা হবে। ওই শিক্ষার্থীর সংখ্যা সর্বোচ্চ ৩০০ হবে। এক্ষেত্রে তাদের পুনঃপরীক্ষা ৬ নভেম্বর অনুষ্ঠিত হবে বলে আমরা সিদ্ধান্ত নিয়েছি।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।